DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 04:26 AM

আন্তর্জাতিক

# সীমান্ত কার্যক্রম ২৪ ঘণ্টা চালু রাখতে সম্মত পাকিস্তান-ইরান

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৬ আগস্ট ২০২৬, ০২:০৪ PM



ছবি: সংগৃহীত

দ্বিপক্ষীয় বাণিজ্য বাড়াতে ২৪ ঘণ্টা সীমান্ত কার্যক্রম চালু, সীমান্ত অবকাঠামো ও লজিস্টিকস উন্নয়ন ও শুল্ক প্রক্রিয়ায় সমন্বয় জোরদারে সম্মত হয়েছে পাকিস্তান ও ইরান। বুধবার পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে ইরানের শিল্প, খনি ও বাণিজ্যমন্ত্রী মোহাম্মদ আতাবাকের নেতৃত্বাধীন প্রতিনিধিদলের বৈঠকে এ সিদ্ধান্ত হয়।

বৈঠকে দুই দেশ খনি খাতে, বিশেষ করে মূল্যবান রত্নপাথরের প্রক্রিয়াজাতকরণ ও মূল্য সংযোজন কার্যক্রমে সহযোগিতা বাড়ানোরও সিদ্ধান্ত নেয়।

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ বলেন, আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতায় পাকিস্তান কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখবে। তিনি আশা প্রকাশ করেন, উভয় দেশের প্রচেষ্টায় নির্ধারিত ১০ বিলিয়ন ডলারের দ্বিপক্ষীয় বাণিজ্য লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। তিনি খাদ্য ও কৃষিপণ্যের

বাণিজ্য সম্প্রসারণের ওপরও গুরুত্বারোপ করেন।

ইরানের মন্ত্রী মোহাম্মদ আতাবাক পাকিস্তানের আতিথেয়তার প্রশংসা করে দুই দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক আরো জোরদারের আগ্রহ পুনর্ব্যক্ত করেন। তিনি জানান, পাকিস্তান-ইরান মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) নিয়ে কারিগরি পর্যায়ের আলোচনা চলমান রয়েছে।

সূত্র: জিও নিউজ

---

## এ বিভাগের আরও খবর





**ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭**
ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...



**লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১**
দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...



**তেহরান শিগগিরই নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...




**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/simant-karjkrm-24-ghnta-chalu-rakhte-smmt-pakistan-iran